রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩১, ২০২০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (অ্যাডমিনিস্ট্রেশন অব ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) প্রবিধানমালা, ২০২০

**চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম**

**প্রজ্ঞাপন**

তারিখ : ডিসেম্বর ২৯, ২০২০

এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সনের ১৫ নং আইন) এর ২৩ (১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল।

### I. প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**—(১) এই প্রবিধানমালা চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (অ্যাডমিনিস্ট্রেশন অব ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) প্রবিধানমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "ডিমিউচ্যুয়ালাইজেশন আইন" অর্থ এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সনের ১৫নং আইন);

(খ) "এক্সচেঞ্জ" অর্থ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড;

(গ) "ট্রেডার" অর্থ কমিশন কর্তৃক নিবন্ধিত অনুমোদিত প্রতিনিধি, যিনি এই প্রবিধানমালায় ট্রেডার হিসেবেও বিবেচিত হইবেন;

(ঘ) "ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট" বা "ট্রেক" অর্থ এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন এর ধারা ২ এর উপ-ধারা (৮) এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০ এর বিধি ৩ এর উপবিধি (১) এবং বিধি ৪ এর উপবিধি (৫) এর অধীন এক্সচেঞ্জ কর্তৃক ইস্যুকৃত সিকিউরিটিজ লেনদেনের অধিকার-সংবলিত সনদ;

(ঙ) "ট্রেক বিধিমালা" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০;

(চ) "ট্রেকহোল্ডার প্রতিনিধি" অর্থ ব্যবস্থাপনা পরিচালক বা ব্যবস্থাপনা পরিচালক এর অনুপস্থিতিতে অন্য কোনো পরিচালক বা কর্মকর্তা, যিনি ট্রেকহোল্ডার কোম্পানির পরিচালনা পর্ষদ-কর্তৃক মনোনীত ও নিযুক্ত হইয়া, উক্ত কোম্পানির পক্ষে স্বাক্ষরকারী কর্তৃপক্ষ (Signing Authority) হিসেবে দায়িত্ব পালন করিবেন;

(ছ) "তদারকি কর্তৃপক্ষ" (Compliance Authority) অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৪(১)(ছ) তে যে অর্থে ব্যবহৃত হইয়াছে;

(জ) "নিবন্ধন সনদ" অর্থ কমিশন কর্তৃক প্রত্যেক ট্রেকহোল্ডারকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ অনুসারে স্টক-ডিলার বা স্টক-ব্রোকার হিসেবে প্রদত্ত বা প্রদেয় নিবন্ধন সনদ;

(ঝ) "ট্রেকের ব্যবসা" অর্থ ট্রেকহোল্ডার কর্তৃক স্টক-ডিলার বা স্টক-ব্রোকার হিসেবে পরিচালিত কার্যক্রম।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির (Expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No-XVII of 1969) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সনের ১৫ নং আইন), ডিপোজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), বীমা আইন, ২০১০ (২০১০ সনের ২৩ নং আইন) এবং উহাদের অধীনে জারিকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় বা উল্লিখিত আইনসমূহ বা বিধিমালা বা প্রবিধানমালায় পরবর্তীতে আনীত কোনো সংশোধনীতে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে বা হইবে সে অর্থে ব্যবহৃত হইবে।

**৩। ট্রেক এর আবেদন বিবেচনার অতিরিক্ত মানদন্ড।**—(১) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট) বিধিমালা, ২০২০ এর বিধি ৩ এ বর্ণিত ট্রেক প্রাপ্তির যোগ্যতা-সম্পর্কিত শর্ত পরিপালন-সাপেক্ষে ট্রেক প্রাপ্তির জন্য আবেদনকারীকে নিম্নবর্ণিত অতিরিক্ত শর্তাদিও পূরণ করিতে হইবে:

(ক) ট্রেকের জন্য আবেদনকারী কোম্পানির কোনো পরিচালক পূর্বে কোনো স্টক এক্সচেঞ্জ-কর্তৃক বহিস্কৃত না হয় অথবা আইন পরিপালনে অযোগ্য ঘোষিত হইয়া না থাকে বা উহার ট্রেক বাতিল না হইয়া থাকে বা কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংশ্লিষ্ট আদালত-কর্তৃক উহার সিকিউরিটিজ লেনদেন বন্ধ না করে থাকে;

(খ) ট্রেক বিধির বিধি ৪(১) অনুযায়ী বার্ষিক পরিকল্পনা-মোতাবেক আবেদন আহ্বান করা হইলে এবং একাধিক আবেদন পত্র জমা পড়িলে, ট্রেক প্রাপ্তির জন্য সর্বাধিক যোগ্যতা-সম্পন্ন আবেদনকারী বাছাইয়ের ক্ষেত্রে, অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়সমূহ এক্সচেঞ্জ বিবেচনা করিবে—

(১) পরিচালনা পর্ষদে যদি কমপক্ষে ২ জন পরিচালকের পুঁজিবাজার-সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকে;

(২) কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার পুঁজিবাজার-সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকে;

(৩) তদারকি কর্মকর্তার (Compliance Officer) পুঁজিবাজার-সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকে;

(৪) যেসকল কোম্পানির পরিশোধিত মূলধন বেশি থাকবে;

(৫) যেসকল কোম্পানির বৈশ্বিক পুঁজিবাজার বা স্টকব্রোকিং-সম্পর্কিত অভিজ্ঞতা থাকে;

(৬) যেসকল কোম্পানি বা উহার পরিচালকগণের পুঁজিবাজার বা এক্সচেঞ্জের সার্বিক উন্নয়নে আর্থিক ও কারিগরি বিষয়ে অবদান রাখার সক্ষমতা রয়েছে;

(৭) দেশীয় ও আন্তর্জাতিক স্বনামধন্য প্রতিষ্ঠান;

(৮) প্রাতিষ্ঠানিক শেয়ারহোল্ডিং এর পরিমাণ অধিক রয়েছে;

(৯) ইসলামি শরিয়াহ-ভিত্তিক ট্রেকের ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে আগ্রহী আবেদনকারীর প্রয়োজনীয় যোগ্যতা ও অবকাঠামো আছে;

(১০) অন্যান্য কর্মকর্তাগণের পুঁজিবাজার বিষয়ে অভিজ্ঞতা আছে;

(১১) স্টক এক্সচেঞ্জের পরিচালনা পর্ষদ-কর্তৃক এ বিষয়ে সময়ে সময়ে নির্ধারিত অন্য কোনো মানদন্ড।

(গ) দফা (খ) এর অধীন সর্বাধিক যোগ্যতা-সম্পন্ন আবেদনকারী বাছাইয়ের ক্ষেত্রে এক্সচেঞ্জ কমিশনের পূর্বানুমোদন-সাপেক্ষে শর্তসমূহের মান নির্ধারণ পূর্বক নীতিমালা প্রণয়ন করিবে।

(২) ইসলামি শরিয়াহ-ভিত্তিক ট্রেক ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে আবেদনকারীর নিম্নবর্ণিত অতিরিক্ত যোগ্যতা থাকা আবশ্যক:

(ক) নিজস্ব শরিয়া বোর্ড বা হোল্ডিং কোম্পানির শরিয়াহ বোর্ড থাকিবে।

(খ) শরিয়াহ উপদেষ্টা হিসেবে কমপক্ষে একজন মুফতি বা ফিকাহ্ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী কর্মকর্তা থাকিবে।

(গ) কমিশন বা এক্সচেঞ্জ-কর্তৃক নির্ধারিত অন্য কোনো শর্ত।

**৪। ট্রেক ইস্যুর জন্য দরখাস্ত দাখিল, বিবেচনা ইত্যাদি।**—কমিশনের পূর্বানুমোদন-সাপেক্ষে এক্সচেঞ্জ সময় সময় ট্রেক ইস্যুর জন্য দরখাস্ত দাখিল ও বিবেচনার পদ্ধতি-সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করিতে পারিবে।

### II. ট্রেকহোল্ডার-বিষয়ক বিধানাবলি

**৫। ট্রেকের পরিদর্শন ও তদারকি কার্যক্রম** —(১) ট্রেক ইস্যু, স্থগিত ও বাতিল-সংক্রান্ত বিষয়ে বা এই প্রবিধানমালার কোনো শর্ত বা নির্দেশনা পরিপালন বিষয়ে এক্সচেঞ্জ যে কোনো সময় নোটিশ প্রদান করিয়া অথবা নিয়মিতভাবে অথবা কমিশনের নির্দেশক্রমে—

(ক) পরিদর্শন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে; এবং

(খ) পরিদর্শন কার্যক্রম পরিচালনায় এক্সচেঞ্জ উহার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য, ইলেকট্রনিক রেকর্ড ও দলিলাদি যৌক্তিক সময়ের মধ্যে সরবরাহ করিতে ট্রেকহোল্ডারদিগকে নির্দেশ প্রদান করিতে পারিবে এবং ট্রেকহোল্ডারগণ উহা প্রদানে বাধ্য থাকিবে।

(২) পরিদর্শন কর্মকর্তার ট্রেকহোল্ডার এর অফিস বা ব্যবসাস্থল বা যেখানে তথ্যাদি সংরক্ষিত থাকে সেখানে প্রবেশাধিকার থাকিবে।

(৩) পরিদর্শন কর্মকর্তা ট্রেকহোল্ডার এর মালিকানাধীন বা উহার নিয়ন্ত্রণে থাকা দলিল, তথ্যাদি, ইলেকট্রনিক রেকর্ড অথবা অন্যান্য উপাদান পরিদর্শন করিতে বা ছায়ালিপি সংগ্রহ করিতে পারিবে।

(৪) কোনো ট্রেকহোল্ডার যদি ট্রেক বিধিমালা বা প্রবিধানমালা বা কোনো নির্দেশনা লঙ্ঘন করেন বা পরিপালন করিতে ব্যর্থ হন তাহা হইলে এক্সচেঞ্জ লিখিতভাবে ট্রেকহোল্ডার কোম্পানির নিকট হইতে উহার ব্যাখ্যা গ্রহণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এক্সচেঞ্জ ট্রেকহোল্ডারকে লিখিত বা মৌখিক ব্যাখ্যা দেওয়ার জন্য যৌক্তিক সময় প্রদান করিবে।

(৫) মৌখিক ব্যাখ্যার ক্ষেত্রে এক্সচেঞ্জ:

(ক) গোপনীয়তা রক্ষা করিবে; এবং

(খ) ট্রেকহোল্ডারকে আইনগত প্রতিনিধি নিয়োগ করিবার এবং বক্তব্য প্রদান করিবার সুযোগ দিবে; এবং

(গ) মৌখিক বক্তব্যকে লিখিত আকারে লিপিবদ্ধ করিবে।

(৬) ট্রেকহোল্ডার ব্যাখ্যা প্রদানে অস্বীকার বা অবহেলা করিলে বা প্রদানে ব্যর্থ হইলে এক্সচেঞ্জ উহার অনুপস্থিতিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

**৬। এক্সচেঞ্জ এর প্রশাসনিক ব্যবস্থা।**—ট্রেক বিধিমালা বা এই প্রবিধানমালা লঙ্ঘনে এক্সচেঞ্জ এর পর্ষদ নিম্নলিখিত যে কোনো প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে:—

(ক) ট্রেকহোল্ডারকে ব্যক্তিগতভাবে সতর্ক করা অথবা তিরস্কার করা;

(খ) ট্রেকহোল্ডারের বিরুদ্ধে গণভর্ৎসনার (public censure) নোটিশ জারি করা;

(গ) শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্তে কমিশনে প্রেরণ করা;

(ঘ) ট্রেকহোল্ডারের সনদ স্থগিত করাসহ উহার পরিচালকবৃন্দ, তদারকি কর্তৃপক্ষ (Compliance Authority), তদারকি কর্মকর্তা (Compliance Officer) এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা:

তবে শর্ত থাকে যে, ট্রেক সনদ স্থগিতকরণের ক্ষেত্রে তাৎক্ষণিক ও আনুষ্ঠানিকভাবে এক্সচেঞ্জ উহা কমিশনকে অবহিত করিবে।

(ঙ) প্রশাসনিক ব্যবস্থার সকল পদক্ষেপের লিখিত নথি বা দলিলাদি সংরক্ষণ করিতে হইবে।

৭। **কমিশনের পূর্বানুমোদনক্রমে অনুসন্ধান পরিচালনা।**—(১) ট্রেক বিধিমালা বা এই প্রবিধানমালার কোনো বিষয়ে লিখিত বা মৌখিক অভিযোগের ভিত্তিতে অথবা প্রবিধান ৫ এর অধীন পরিচালিত পরিদর্শন এর পর্যবেক্ষণ এর প্রেক্ষিতে কমিশনের পূর্বানুমোদন বা নির্দেশনা মোতাবেক কোনো ট্রেকহোল্ডারের বিষয়ে এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক নিয়োজিত কোনো ব্যক্তি অনুসন্ধান পরিচালনা করিতে পারিবে।

(২) এইরূপ অনুসন্ধানের পূর্বে এক্সচেঞ্জ কমিশনের নিকট অনুসন্ধানের যথাযথ যৌক্তিকতা এবং অনুসন্ধানকারীর নাম প্রস্তাব করিবে:

তবে শর্ত থাকে যে, কমিশন যে কোনো ব্যক্তিকে অনুসন্ধান কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে।

(৩) এক্সচেঞ্জ অনুসন্ধান পরিচালনার জন্য তৃতীয় পক্ষের সহযোগিতা প্রয়োজন মনে করিলে কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিবে।

(৪) অনুসন্ধান কর্মকর্তাকে ট্রেকহোল্ডার, উহার সকল পরিচালক ও কর্মকর্তা সার্বিক সহযোগিতা প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, কোনো ট্রেকহোল্ডার কোম্পানি বা উহার পরিচালক বা কর্মকর্তা-কর্মচারী বা সংশ্লিষ্ট ব্যক্তি অনুসন্ধানের স্বার্থে কোনো দলিল, কাগজ, হিসাবপত্র, তথ্য বা ব্যাখ্যায় এমন কোনো তথ্য বা বিবৃতি দিবেন না, যাহা মিথ্যা বা অসত্য বলিয়া বিশ্বাস করিবার মতো যুক্তিসংগত কারণ থাকে;

(৫) ট্রেকহোল্ডার যে অফিসে বা যেখানে ব্যবসা করেন বা তথ্যাদি সংরক্ষণ করেন অনুসন্ধান কর্মকর্তার সেখানে প্রবেশাধিকার দিতে বাধ্য থাকিবে; এবং

(৬) ট্রেকহোল্ডারের মালিকানাধীন বা নিয়ন্ত্রণে থাকা দলিল, তথ্যাদি, ইলেকট্রনিক রেকর্ড অথবা অন্যান্য উপাদান অনুসন্ধান কর্মকর্তাকে প্রদান করিতে বাধ্য থাকিবে।

৮। **ট্রেক সনদের শর্ত।**—ট্রেকহোল্ডারগণ নিম্নবর্ণিত শর্তাদি পরিপালন করিবে:

(১) ট্রেকহোল্ডার প্রতিনিধি এর পদ ৩ (তিন) মাস অথবা এক্সচেঞ্জ-কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত সময়ের অধিক কাল শূন্য রাখা যাইবে না।

(২) ট্রেকহোল্ডার-কর্তৃক যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC) এ দাখিলকৃত দলিলাদি যথাঃ সিডিউল- X, ফর্ম- XII, ফর্ম- IX,ফর্ম- XV ইত্যাদি এর প্রত্যায়িত অনুলিপির সত্যায়িত ছায়ালিপি উহা দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এক্সচেঞ্জ-এ দাখিল করিবে।

(৩) একই ব্যক্তি একই সময়ে একাধিক ট্রেকহোল্ডার কোম্পানির প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করিতে পারিবে না।

(৪) ট্রেকহোল্ডারের নাম পরিবর্তন এর পূর্বে এক্সচেঞ্জের অনাপত্তি গ্রহণ করিতে হইবে এবং RJSC এর অনুমোদন প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে এ-সংক্রান্ত যাবতীয় দলিলাদি এক্সচেঞ্জ-এ দাখিল করিতে হইবে।

(৫) অনুমোদনহীন শাখা, বুথ বা বর্ধিত অফিস পরিচালনা করা যাইবে না।

(৬) কোনো অনুমোদিত শাখা, বুথ বা বর্ধিত অফিস তৃতীয় পক্ষের নিকট ভাড়া দেওয়া যাইবে না।

(৭) ট্রেকহোল্ডার ব্যাক-অফিস সফট্ওয়্যার সরবরাহকারীকে এক্সচেঞ্জের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এর নিকট হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে।

(৮) ট্রেকহোল্ডার কর্তৃক নিয়োজিত সকল ট্রেডারকে সময় সময় কমিশন অথবা এক্সচেঞ্জ-কর্তৃক নির্ধারিত সার্টিফিকেট কোর্স সম্পন্ন করিতে হইবে।

(৯) ট্রেকহোল্ডার কর্তৃক নিয়োজিত সকল ট্রেডার চাকুরি পরিবর্তনের পূর্বে ন্যূনতম ৬০ (ষাট) দিনের নোটিশ প্রদান করিবে, যার অনুলিপি এক্সচেঞ্জকেও সরবরাহ করিবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ট্রেডার এর বিরূদ্ধে কোনো আইনগত কার্যধারা বহাল না থাকিলে বা কোনো দায় অবশিষ্ট না থাকিলে উক্ত মেয়াদের পর তাহার চাকুরি পরিবর্তনে কোনো বাধা থাকিবে না:

আরো শর্ত থাকে যে, ট্রেকহোল্ডার উক্ত নোটিশকালীন সংশ্লিষ্ট ট্রেডারের বিরূদ্ধে কোনো প্রকার গ্রহণযোগ্য কারণ প্রদর্শনে ব্যর্থ হইলে, উক্ত ট্রেডারকে অন্য কোনো ট্রেকহোল্ডার কোম্পানিতে যোগদানে এক্সচেঞ্জ আপত্তি প্রদান করিবে না।

**৯। ট্রেকহোল্ডার রেজিষ্টার।**—ট্রেকহোল্ডারদের জন্য এক্সচেঞ্জ রেজিষ্টার সংরক্ষণ করিবে।

**১০। তথ্য বা নথির ই-ফাইলিং।**—এই প্রবিধানমালার অধীনে যেই সকল তথ্য বা নথি, ইত্যাদি দাখিল করিতে হইবে তাহা কমিশন বা এক্সচেঞ্জ এর চাহিদা অনুযায়ী ইলেকট্রনিক পদ্ধতি বা অন্য কোনো পদ্ধতিতে দাখিল করিতে হইবে।

## III.অন্যান্য

**১১। আইন লঙ্ঘন ও শাস্তি।**—এই প্রবিধানমালার কোনো শর্ত বা বিধান এর লঙ্ঘন এক্সচেঞ্জেস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ এর বিধান লঙ্ঘন হিসেবে গণ্য হইবে।

**১২। বাতিল এবং সংরক্ষণ।**—(১) Chittagong Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এতদ্বারা বাতিল করা হইল; এবং

(২) Chittagong Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এবং উহার অধীনে আনীত সংশোধনীসমূহ বাতিল করা হইলেও ইহার অধীনে সম্পাদিত নথি, চুক্তি, গৃহীত বা প্রদত্ত ফি, গৃহীত সিদ্ধান্ত, ইস্যুকৃত ইনস্ট্রুমেন্ট, ইস্যুকৃত ট্রেক ও ট্রেডার সনদ অথবা যেই সকল ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে তাহা এইরূপে কার্যকর থাকিবে যেন উহা এই প্রবিধানমালার অধীনে তৈরি, গৃহীত, সম্পাদিত অথবা ইস্যু করা হইয়াছে।

পরিচালনা পর্ষদের পক্ষে,

Mamun-Ur-Rashid
ব্যবস্থাপনা পরিচালক
চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd